# সন্তান প্রসবে এপিডুরাল ব্যাথানাশক ANALGESIA EPIDURALE NEL PARTO

এপিডুরাল অ্যানাস্থেশিয়াতে একটি বিশেষ ক্যাথিটারের মাধ্যমে ***পিঠে একটি স্থানীয় অ্যানাস্থেটিক ইনজেক্ট করা হয়*** যাতে জরায়ু, সার্ভিক্স এবং যোনি থেকে যন্ত্রণার সংবেদন মস্তিষ্কে বহনকারী স্নায়ুগুলি অবশ হয়ে যায়। এটি প্রসব বেদনায় থাকা সেইসব মহিলাদের দেওয়া হয় যারা সন্তান প্রসবের ব্যাথা থেকে মুক্তি পেতে এটি দেওয়ার জন্য অনুরোধ করে বা যারা প্রসব সংক্রান্ত কারণে এটি ব্যবহারের সম্মতি দিয়ে। এপিডুরালটি শুধুমাত্র মহিলার সম্মতি নিয়েই ব্যবহার করা যেতে পারে।

কখনও কখনও মেডিকেল কারণে এপিডুরালটি সুপারিশ করা হয় না, তাই সন্তান প্রসবের জন্য হাসপাতালে ভর্তি হওয়ার আগে একটা ***অ্যানাস্থেশিওলজিকাল পরামর্শ*** দরকার হতে পারে।

সাধারণত যখন প্রসব আগেই শুরু হয়ে গেছে, এরকম সময়ে এপিডুরালটি ব্যবহার করা যেতে পারে, কিন্তু কিছু পরিস্থিতিতে, এটা প্রসবের একেবারে প্রাথমিক পর্যায়গুলিতেও শুরু করা যেতে পারে। তবে প্রসবের চূড়ান্ত পর্যায়গুলিতে, স্পাইনাল ব্যাথানাশকই যথেষ্ট হতে পারে, যেটাতে কোনো ক্যাথিটার লাগানোর দরকার হয় না। নিরাপত্তার কারণে, প্রসব রুমে এক বারে শুধু একটি ব্যাথানাশকই দেওয়া যেতে পারে, এবং প্রসব রুমে জরুরি ক্রিয়াকলাপের ক্ষেত্রে, এপিডুরাল ক্যাথিটার ***সঠিক স্থানে লাগাতে বিলম্ব*** হতে পারে। আপনি অপেক্ষা করাকালীন, ধাত্রী আপনার ব্যাথা নাশের জন্য বিকল্প কৌশলের পরামর্শ দিতে পারেন।

পিঠে এপিডুরাল ক্যাথিটার লাগানো এবং ব্যাথানাথক পরিচালনা ***শুধু একজন অ্যানাস্থেশিস্টই সম্পাদন করতে পারেন*** । আগে থেকে একটা পেরিফেরাল শিরায় অ্যাক্সেস পয়েন্ট ঠিক করে রাখতে হবে, সাধারণত বাহুতে, কারণ কখনও কখনও এপিডুরাল বা স্পাইনাল ওষুধ প্রয়োগ করলে তা রক্তচাপ কমিয়ে দিতে পারে এবং সেই জন্য শিরার মধ্যে দিয়ে ফ্লুইড বা ড্রাগ দেওয়ার প্রয়োজন হতে পারে। তাই প্রসবের সময় নিয়মিতভাবে আপনার রক্তচাপ মাপা হবে। প্রতিবার এপিডুরাল বা স্পাইনাল অ্যানাস্থেটিক ড্রাগ দেওয়ার সময় অজাত শিশুর হার্টের কাজকর্মও পর্যবেক্ষণে রাখা হবে।

এই কৌশলের সফলতার জন্য, এপিডুরাল ক্যাথিটার লাগানোর সময় প্রসবে থাকা মহিলাকে যে ***ভঙ্গিতে*** থাকতে হবে তা গুরুত্বপূর্ণ। সাধারণত একটা বসে থাকা ভঙ্গী নেওয়া হয় যে সময় একজন ধাত্রী সেই মহিলাকে তার কাঁধ ও পিঠ শিথিল করতে সহায়তা করবেন যাতে কশেরুকাগুলির মধ্যেকার স্থানগুলি খুলতে যথাসম্ভব সুবিধা হয়। আপনার সঙ্গী উপস্থিত থাকতে পারবেন না কারণ এই কৌশলটি জীবাণুমুক্ত অবস্থায় করা হয়।

এই প্রক্রিয়াটি যন্ত্রণাদায়ক নয় কারণ এটির আগে ক্যাথিটার ঢোকানোর জায়গায় স্থানীয় অ্যানাস্থেশিয়া ইনজেকশন দেওয়া হবে। পিঠে ঢোকানো সূচটি শুধু এপিডুরাল ক্যাথিটার ঢোকানোর জন্য ব্যবহৃত হয়, যার পরে সেটি সরিয়ে নেওয়া হয় এবং ক্যাথিটারটি বিশেষ প্যাচের মাধ্যমে চামড়ার সাথে এঁটে থাকবে এবং সেটি প্রসবের সময় কোনো অস্বস্তি ঘটাবে না।

এপিডুরাল ক্যাথিটারটি লাগানো হয়ে গেলে, প্রয়োগ করা অ্যানাস্থেটিকটির কাজ করতে প্রায় 20 মিনিট সময় লাগবে। এপিডুরাল ব্যাথানাশক 90% এরও বেশি ক্ষেত্রে ভালো যন্ত্রণা নিয়ন্ত্রণ করে। বিরল ক্ষেত্রে, ব্যাথানাশকটি দেহের এক পাশে বেশি কার্যকর হতে পারে, কিছু যন্ত্রণা থেকে যেতে পারে কিছু অংশে, বা যন্ত্রণা নিয়ন্ত্রণ না করা যেতে পারে।

ব্যাথানাশক দেওয়ার পর, নিচের দিকের অঙ্গপ্রত্যঙ্গে সংবেদন থাকবে2] কিন্তু অ্যানাস্থেটিক দেওয়ার পরে প্রথম 20 মিনিট, মহিলাকে বিছানা ছেড়ে না নামতে বলা হবে যেহেতু তার পাদুটি ভারী লাগতে পারে।

ব্যাথা উপশম যাতে যতটা সম্ভব ভালো হয় তা নিশ্চিত করতে, প্রসবের অবস্থার উপর নির্ভর করে, কিছু সময় অন্তর অন্তর ক্যাথিটারের মাধ্যমে স্থানীয় অ্যানাস্থেটিক প্রয়োগ করা হবে।

আমাদের হাসপাতালে ব্যবহৃত প্রোটোকল অনুযায়ী এপিডুরাল ব্যাথানাশকের পরিচালনা 1}প্রসবের গড় সময়কাল খুব একটা বাড়ায় না (সার্ভিক্সের প্রসারণ হতে কম সময় লাগে এবং শিশুর বেরিয়ে আসার পর্যায়টি বেশি সময় নেয়ে, যার ফলে প্রসবের মোট সময়কালে খুব একটা পার্থক্য হয় না), আবার এটিতে যান্ত্রিক প্রসবের (ওবস্টেট্রিক সাকশন কাপের প্রয়োগ) বেশি ব্যবহারেরও প্রয়োজন হয় না।

***একটি সিজারিয়ান সেকশন প্রয়োজন হলে*** এপিডুরালটি ব্যবহার করা যেতে পারে। তবে, অ্যানাস্থেসিস্ট মা বা ভ্রূণের ক্লিনিকাল অবস্থার উপর নির্ভর করে, এপিডুরাল ক্যাথেটার সরিয়ে দিয়ে স্পাইনাল অ্যানাস্থেশিয়া বা সাধারণ অ্যানাস্থেশিয়া করার সিদ্ধান্ত নিতে পারেন।

## অনুমেয় ঝুঁকি, সম্ভাব্য জটিলতা, ঘটার পরিসংখ্যানগত সম্ভাব্যতা

**সম্ভাব্য জটিলতা**

সন্তান প্রসবের ব্যথানাশক থেকে ***জটিলতা*** হতে পারে, যেগুলি সাধারণ (<1:100), বিরল (<1:1000) বা অতি বিরল (<1:10,000) হতে পারে:

**সাধারণ জটিলতাগুলি**

- অপর্যাপ্ত ব্যথানাশ
- চুলকানি বা বর্ধিত দেহে তাপমাত্রা
- রক্তচাপ কমে যাওয়া
- ব্যথানাশক ড্রাগ প্রয়োগে অ্যালার্জি বা প্রতিকূল প্রতিক্রিয়া
- শিশু বের করার পর্যায়টির সময় বেশি লাগার কারণে জরায়ুর সংকোচন ক্রিয়া কমে যায় এবং অক্সিটোসিনের আরও বেশি বার ব্যবহারের প্রয়োজন পড়ে
- নীচের দিকের অঙ্গপ্রত্যঙ্গে মৃদু বিবর্তন সহ প্যারেস্থেশিয়া, ঝনঝন করা বা পরিবর্তিত সংবেদনের সূত্রপাত

**বিরল জটিলতাগুলি**

- যখন পিঠে ঢোকানো সূচটি এপিডুরাল স্পেসে পেরিয়ে ভিতরে চলে যায় তখন ডুরা ম্যাটার দুর্ঘটনাজনিতভাবে ফুটো হয়ে যেতে পারে (1-2%), যার ফলে মাথার যন্ত্রণা শুরু হতে পারে এবং সেজন্য প্রসবের পরে 72 ঘন্টার সম্পূর্ণ বিশ্রাম এবং যন্ত্রণার ফার্মাকোলজিকাল চিকিত্সার প্রয়োজন হতে পারে, এমনকি বিরল ক্ষেত্রে একটা "রক্ত প্যাচ" এরও প্রয়োজন হতে পারে (ফেটে যাওয়া পর্দা মেরামতের জন্য এপিডুরাল স্পেসে মেটোরনাল রক্তের ইনজেকশন)
- আঘাতের ফলে পেরিফেরাল স্নায়ু ক্ষতিগ্রস্ত হওয়া

**অতি বিরল জটিলতাগুলি**

- সম্ভাব্য নিউরোলজিকাল ক্ষতির সাথে এপিডুরাল হেমাটোমা (প্রতি 100,000টি ব্যথানাশের কেসে <1টি কেসে)
- এপিডুরাল ফোড়া
- মেনিনজাইটিস
- দীর্ঘ সময় ধরে মাথার যন্ত্রণা

## বিবলিওগ্রাফি/সিস্টোগ্রাফি


- ফনিুকেনে বি., "কমপ্লিকেশনস অফ রিজিওনাল অ্যানাস্থেশিয়া", স্প্রিঙ্গার 2017
- ক্যাপোগনা জি., "এপিডুরাল লেবার অ্যানালজেসিয়া", স্প্রিঙ্গার 2015
- এনওয়াইএসওআরএ (নিউ ইয়র্ক স্কুল অফ রিজিওনাল অ্যানাস্থেশিয়া) 2019, "ওবস্টেট্রিক রিজিওনাল অ্যানাস্থেশিয়া"
- এনএইচএস (ন্যাশনাল হেলথ সার্ভিস) যুক্তরাজ্য, "এপিডুরাল ফর চাইল্ডবার্থ" 2011
- ওএএ (ওবস্টেট্রিক অ্যানাস্থেসিস্টস অ্যাসোসিয়েশন), "পেইন রিলিফ ইন লেবার", 2012
- জোনস এল., "পেইন ম্যানেজমেন্ট ফর উইমেন ইন লেবার: অ্যান ওভারভিউ অফ সিস্টেমেটিক রিভিউজ"। কোচরেন 2012, ইস্যু 3
- ময়েনে ভি., "নিউরোলজিকাল কমপ্লিকেশনস ফলোয়িং সেন্ট্রাল নিউর‌্যাক্সিয়াল ব্লকেডস ইন ওবস্টেট্রিকস"। কার ওপিন ইন অ্যানেস্থ। 2008, 21:275-280


তারিখ |_|_| / |_|_| / |_|_|_|_|

আমি, নীচে স্বাক্ষর করা(রোগীর নাম ও পদবি) ঘোষণা করছি যে আমি এই স্বাস্থ্য তথ্য নোটিশের বিষয়বস্তু পড়েছি এবং বুঝেছি, যেটা অনলাইন কোর্স চলাকালীন ইতিমধ্যেই ডাক্তার মৌখিকভাবে ব্যাখ্যা করেছেন এবং যেটা আমাকে সুপারিশ করা মেডিকেলে চিকিত্সা সম্পর্কিত।

রোগীর স্বাক্ষর_

Sistema Socio Sanitario

Ospedale Niguarda

Regione Lombardia

# প্রসব-পূর্ববর্তী মেডিকেল মূল্যায়ন প্রশ্নাবলী – QUESTIONARIO DI AUTOVALUTAZIONE MEDICA PRE-PARTO

প্রিয় ম্যাডাম,
এই প্রশ্নমালাটি আপনার স্বাস্থ্যের অবস্থার মূল্যায়ন করার জন্য গুরুত্বপূর্ণ এবং প্রসবের আগে আপনার পরামর্শের প্রয়োজন আছে কিনা তার সিদ্ধান্ত নিতে, এটি অ্যানাস্থেশিস্ট ব্যবহার করবেন। অনুগ্রহ করে একটি "X" দিয়ে হ্যাঁ বা না চিহ্নিত করে, এবং যেখানে প্রয়োজন, বড় হাতের অক্ষরে একটি লিখিত জবাব দিয়ে সমস্ত প্রশ্নের উত্তর দিন। কোনো পয়েন্ট ফাঁকা ছেড়ে দেবেন না।

## নাম এবং পদবি

বয়স___আজ গর্ভাবস্থার সপ্তাহ_______ যমজ গর্ভাবস্থা ☐ না ☐ হ্যাঁ প্রসবের প্রত্যাশিত তারিখ________________ আগের গর্ভাবস্থার সংখ্যা________________ গর্ভাবস্থার শুরুতে এবং আজ কেজিতে ওজন _______ - ________সেমিতে উচ্চতা _________________

তারিখ |__|__||/|__|__||/|__|__|__|__| স্বাক্ষর

| | | হ্যাঁ | না |
|---|---|---|---|
| 1 | আপনার কি কোনো ওষুধে অ্যালার্জি আছে? সেটা থাকলে, অনুগ্রহ করে সেই ওষুধের নাম উল্লেখ করুন | | |
| 2 | খাবার, গাছপালা, ধাতু বা ল্যাটেক্সে কি আপনার অ্যালার্জি আছে? হয়ে থাকলে, কী জটিলতা হয়েছিল? | | |
| 3 | আপনার কি কখনও মারাত্মক অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়েছিল যার জন্য আপনাকে হাসপাতালে ভর্তি হতে হয়েছিল? হয়ে থাকলে, অনুগ্রহ করে উল্লেখ করুন | | |
| 4 | আপনি কি ☐ ধূমপান করেন ☐ অ্যালকোহল পান করেন ☐ ড্রাগ নেন; করলে, কী/কতটা করেন | | |
| 5 | আপনাকে কি রোজ ওষুধ খেতে হয়? খেতে হলে, কী খেতে হয়? | | |
| 6 | আপনার কি কখনও সার্জারি হয়েছিল? হয়ে থাকলে, কোন সার্জারি হয়েছিল? | | |
| 7 | যদি আপনি আগেও গর্ভবতী হয়ে থাকেন, তাহলে আপনার কি সিজারিয়ান সেকশনের মাধ্যমে প্রসব হয়েছিল? | | |
| 8 | আপনার কি কখনও অ্যানাস্থেশিয়াতে কোনো মারাত্মক প্রতিক্রিয়া হয়েছিল? ☐ সাধারণ ☐ স্পাইনাল ☐ অন্যান্য | | |
| 9 | আপনার কি কোনো ইমপ্ল্যান্ট আছে? ☐ দাঁতের; ☐ চোখের; ☐ ভেদন; ☐ অন্যান্য | | |
| 10 | আপনি কি উচ্চ রক্তচাপ থেকে ভোগেন বা ভুগেছেন যার মেডিকেল চিকিত্সা করতে হয়েছে? | | |
| 11 | আপনার কি কখনও হার্টের রোগ হয়েছিল?<br>☐ অ্যারিথিমিয়াস; ☐ বুক ধড়পড় করা; ☐ হার্টের ভালভের রোগ; ☐ হার্ট অ্যাটাক; ☐ অ্যাঞ্জিনা; ☐ অন্যান্য | | |
| 12 | আপনি কি অ্যাস্থমা বা অন্য শ্বাসসংক্রান্ত রোগে ভোগেন? ☐ ওষুধপত্রাদি: | | |
| 13 | আপনি কি মৃগী বা খিঁচুনিতে ভোগেন যার মেডিকেল চিকিত্সা করতে হয়? ☐ ওষুধপত্রাদি: | | |
| 14 | আপনি কি নার্ভাস সিস্টেমের অন্য কোনো রোগে ভোগেন বা ভুগেছেন? | | |
| 15 | আপনি কি স্নায়ু-পেশীর রোগে ভোগেন? | | |
| 16 | আপনি কি রক্ত জমাট বেঁধে যাওয়ার ব্যাধিতে ভোগেন বা ভুগেছেন? | | |
| 17 | আপনার কি কোনো ☐ লিভার বা ☐ কিডনির রোগ আছে বা হয়েছিল? | | |
| 18 | আপনার কি এন্ডোক্রিন ব্যাধি আছে বা হয়েছিল যার থেকে জটিলতা তৈরি হয়েছিল?<br>☐ ডায়াবেটিক জটিলতা; ☐ হাইপো- বা হাইপারথাইরয়েডিজম জনিত জটিলতা; ☐ অন্যান্য | | |
| 19 | আপনার কি কখনও থ্রম্বোএম্বলিক রোগ হয়েছিল? ☐ ভেনাস থ্রম্বোসিস; ☐ পালমোনারি এম্বোলিজম;<br>☐ ভেরিকোজ শিরাগুলি অ্যান্টিকোয়াগুল্যান্ট দিয়ে চিকিত্সা করা হয়েছিল; ☐ অন্যান্য | | |
| 20 | আপনি কি কোনো অটোইমিউন রোগে ভোগেন? ☐ রিউমাটয়েড আর্থ্রাইটিস; ☐ লুপাস; ☐ অন্যান্য | | |
| 21 | আপনি কি কোনো বিরল রোগে ভোগেন? হয়ে থাকলে, কী জটিলতা হয়েছিল? | | |
| 22 | আগের গর্ভাবস্থাগুলিতে আপনার কি কোনো জটিলতা হয়েছিল? হয়ে থাকলে, কী জটিলতা হয়েছিল? | | |
| 23 | আপনার কি কোনো স্পাইনাল রোগ আছে? ☐ হার্নিয়া; ☐ হাড় ভেঙে যাওয়া/আঘাত; ☐ স্কোলিওসিস; ☐ অন্যান্য | | |

**যদি কোনো অ্যানেস্থেশিওলজিক্যাল পরামর্শ প্রয়োজন হয়, তাহলে আপনাকে শুধু ইমেলের মাধ্যমে যোগাযোগ করা হবে**

Sistema Socio Sanitario

Ospedale Niguarda — Regione Lombardia

# সন্তান প্রসবের ব্যাথানাশকের প্রস্তুতিমূলক কোর্সে অংশগ্রহণের শংসাপত্র

আমি, নিচে স্বাক্ষর করা ________________________________________________

( *নাম*) ( *পদবি*)

www ospedaleniguarda it-এ সন্তান প্রসবের ব্যাথানাশক সম্পর্কে অনলাইন ভিডিও কোর্সটি _____/_____/_____ তারিখে দেখেছি এবং বুঝেছি

কোর্স চলাকালীন আমাকে ***এপিডুরাল ব্যাথানাশক*** এর সম্ভাব্য জটিলতা এবং পার্শ্ব প্রতিক্রিয়াগুলি সম্পর্কে বিস্তারিত তথ্য দেওয়া হয়েছিল, এবং আমি সন্তান প্রসবের ব্যাথানাশক সম্পর্কে তথ্যগুলি পড়েছি।

**কীভাবে সন্তান প্রসবের ব্যাথানাশক অ্যাক্সেস করতে হয়**

সম্পূর্ণ করা এবং স্বাক্ষর করা প্রশ্নমালাটি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হবে: partoanalgesia@ospedaleniguarda.it.

আপনার একটি অ্যানাস্থেশিওলজিকাল পরামর্শের প্রয়োজন হলে আপনার সাথে শুধু ইমেলের মাধ্যমে যোগাযোগ করা হবে।

অ্যানাস্থেশিওলজিকাল পরামর্শটির জন্য যত শীঘ্র সম্ভব বুক করতে হবে, যেমনটা নিচে নির্দেশ দেওয়া আছে:

- একটি আঞ্চলিক প্রেসক্রিপশন নিয়ে 02.6444.5566 নম্বরে কল করলে, পরামর্শটি গর্ভাবস্থার 34তম সপ্তাহ থেকে শিডিউল করা হবে।

  আপনার পরামর্শের দিনে, নিম্নলিখিতগুলি আপনার সাথে নিয়ে আসুন:
  - সম্পূর্ণ করা এবং স্বাক্ষর করা প্রশ্নমালা, তার সাথে এই শংসাপত্রটি
  - নিম্নলিখিত রক্ত পরীক্ষাগুলি: রক্ত কণিকার সংখ্যা + পিটি/পিটিটি (30 দিনের জন্য বৈধ)
  - একটা 12-লিড এলেক্ট্রোকার্ডিওগ্রাম (60 দিনের জন্য বৈধ), সম্পর্কিত রিপোর্ট সহ
  - আপনার রোগগুলি সম্পর্কে যে কোনো কাগজপত্র

যদি আপনাকে কোনো অ্যানাস্থেশিওলজিকাল পরামর্শ প্রেসক্রাইব করা না হয়ে থাকে, তাহলে ভর্তির সময় আপনার সাথে আনুন:

- সম্পূর্ণ করা এবং স্বাক্ষর করা প্রশ্নমালা, তার সাথে এই শংসাপত্রটি
- নিম্নলিখিত রক্ত পরীক্ষাগুলি: রক্ত কণিকার সংখ্যা + পিটি/পিটিটি (30 দিনের জন্য বৈধ)
- একটা 12-লিড এলেক্ট্রোকার্ডিওগ্রাম (60 দিনের জন্য বৈধ), সম্পর্কিত রিপোর্ট সহ
- আপনার রোগগুলি সম্পর্কে যে কোনো কাগজপত্র

আমি ঘোষণা করছি যে যা ব্যাখ্যা করা হয়েছে তা আমি পড়েছি এবং বুঝেছি, এবং প্রক্রিয়ার জটিলতাগুলি ও সেগুলির সম্ভাব্য পরিচালনা সম্পর্কে সমস্ত প্রয়োজনীয় তথ্য আমি পেয়েছি।

তারিখ |__|__|/|__|__|/|__|__|__|__| রোগীর স্বাক্ষর ______________________________

.............................................................................................

তারিখ |__|__|/|__|__|/|__|__|__|__|

প্রসব রুমে অ্যানাস্থেশিস্টের স্বাক্ষর ________(আইডি. নং.__|__|__|__|__|__|__|)